
সংবাদ

(৫৪)

তারিখ 16/7/83
পৃষ্ঠা 3 কলাম 3

036



# বি এস সি পরীক্ষায় দীপক প্রথম স্থান পেলেন

বেড়া (পাবনা), ১০ই জুলাই (নিজস্ব সংবাদদাতা)।-মা-বাবা, তিন ভাই, দু'বোন নিয়ে মোট ৭ জনের অভাবের সংসারে দীপক কুমার বিশ্বাস ধৈর্য ও অধ্যবসায়ের জোরে বি এস সি (পাস) পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৮২ সালের ডিসেম্বরে অনুষ্ঠিত পরীক্ষায় তার এই কৃতিত্বে শিক্ষার প্রতি তার গভীর অনুরাগের পরিচয় পাওয়া যায়।

পিতা কালিপদ বিশ্বাস কাঠমিস্ত্রী। নিজে টিউশনি করে সংসারে সাহায্য করে আসছেন। প্রদীপ কুমার শিক্ষার প্রাথমিক স্তর থেকে প্রতি ধাপে ধাপে বৃত্তি পেয়েছেন। দারিদ্র্যতার জন্য '৭৯ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বেড়া কলেজ থেকে প্রথম বিভাগে পাস করার পর তার পড়াশোনা বন্ধ হয়ে যায়।

পাবনা পলিটেকনিক ইংসটিটিউটে ভর্তির জন্য ইন্টারভিউতে লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রথম হয়েও অর্থাভাবে ভর্তি হতে পারেননি। পরের বছর শাহজাদপুর ডিগ্রী কলেজে বিএসসি পাস কোর্সে ভর্তি হন তিনি।

শিক্ষাজীবন শেষে দীপক শিক্ষকতাকে বৃত্তি হিসেবে নেয়ার ইচ্ছা প্রকাশ করেছেন।